



হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্র

বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়
ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ
চুঁচুড়া - ৭১২১০২, হুগলী, পশ্চিমবঙ্গ



নং: ২৯/১৮-১৯

তাং: ১৪.০৬.২০১৮

বিজ্ঞপ্তি

হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের অন্তর্গত তিনটি (৩) পুকুর জুলাই ২০১৮ থেকে মার্চ ২০১৯ পর্যন্ত ইজারা দেবার জন্য আগ্রহী ব্যক্তি বা সংস্থার কাছ থেকে দরপত্র চাওয়া হচ্ছে। দরপত্র আগামী ২৭.০৬.২০১৮ পর্যন্ত জমা দেওয়া যাবে। সর্বাধিক দর প্রদানকারী ব্যক্তি বা সংস্থাকে ইজারা দেওয়া হবে। ইজারা প্রাপ্ত ব্যক্তি বা সংস্থা নিম্নলিখিত নিয়মাবলী মানতে বাধ্য থাকবে। নিয়মাবলী:

- ইজারা প্রাপ্ত তিনটি (৩) পুকুর ব্যতীত অন্য কোনো প্রকার জমি বা ফসল বা জায়গা বা পুকুর পাড়ের ওপর ঐ ইজারা লাগু হবে না।
- হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের অন্তর্গত জমিতে থাকা কোনো ফসলের ইজারা প্রাপ্ত ব্যক্তি বা সংস্থা দ্বারা কোনো ক্ষতি হইলে ঐ ইজারা প্রাপ্ত ব্যক্তি বা সংস্থা সম্পূর্ণভাবে দায়ী থাকবে।
- ইজারা প্রাপ্ত তিনটি (৩) পুকুর হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের আধিকারিকরা দরকার হলে যে কোনো সময়ে পরিদর্শন করতে পারবেন।
- ইজারা প্রাপ্ত তিনটি (৩) পুকুর হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রে আগত চাষী বা প্রশিক্ষণ প্রার্থীরা কৃষি বিজ্ঞান কেন্দ্রের আধিকারিকদের উপস্থিতিতে পরিদর্শন করতে পারবেন।
- প্রয়োজন মত বা জরুরি প্রয়োজনে পুকুরের জল চাষের কাজে ব্যবহৃত হবে।
- প্রকল্প অনুযায়ী কাজের ক্ষেত্রে পুকুরের ওপর মাচায় ফসল করা হতে পারে।
- ইজারা প্রাপ্ত ব্যক্তি বা সংস্থা দ্বারা হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের কোনো অংশে কোনো স্থায়ী কাঠামো তৈরি করা যাবে না।
- ইজারা প্রাপ্ত ব্যক্তি বা সংস্থাকে পুরো ইজারা মূল্য চিঠি পাওয়ার ৭ দিনের মধ্যে ডিমাণ্ড ড্রাফটের মাধ্যমে এই কৃষি বিজ্ঞান কেন্দ্রে জমা দিতে হবে। ডিমাণ্ড ড্রাফট “HOOGHLY KRISHI VIGYAN KENDRA (REVOLVING FUND A/C) BCKV ICAR” এই নামে যে কোনো রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কের চুঁচুড়া শাখার ওপর হতে হবে। একবার জমা হবার পর পুরো বা আংশিক কোনো প্রকার ইজারা মূল্যই কোনো অবস্থাতেই ফেরতযোগ্য নয়।
- আগ্রহী ব্যক্তি বা সংস্থা সাদা কাগজে দরখাস্ত করবেন ব্যক্তি বা সংস্থার পুরো নাম, ঠিকানা, ফোন নম্বর, প্যান কার্ড নম্বর/আধার নম্বর উল্লেখ করে। দরখাস্তের সঙ্গে ১ কপি ফোটো, ঠিকানার প্রমাণপত্র, ব্যবসায়িক প্রমাণপত্র (সংস্থার ক্ষেত্রে), প্যান কার্ড/আধার কার্ডের নকল জমা দিতে হবে।


স্বাঃ— ভারপ্রাপ্ত আধিকারিক
হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্র

নং: ২৯/১(৬)/১৮-১৯

তাং: ১৪.০৬.২০১৮

প্রতিলিপি পাঠানো হল:

১. বিসিকেভি ওয়েবসাইট (www.bckv.edu.in)
২. অধিকর্তা, সম্প্রসারণ শিক্ষা অধিকরণ, মোহনপুর, নদিয়া
৩. যুগ্ম-অধিকর্তা, খান্য গবেষণা কেন্দ্র, চুঁচুড়া, হুগলী
৪. উপ-অধিকর্তা (প্রশাসন), কৃষি বিভাগ, হুগলী, চুঁচুড়া, হুগলী
৫. উপ-অধিকর্তা (প্রশিক্ষণ), কৃষি বিভাগ, হুগলী, চুঁচুড়া, হুগলী
৬. ফাইল কপি


ভারপ্রাপ্ত আধিকারিক
হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্র